

১০০০৫
৪৮

**বেসরকারী স্কুল কলেজে
শিক্ষক নিয়োগে
মাউশির ছাড়পত্র
লাগবে না**

স্টাফ রিপোর্টার : বেসরকারী স্কুল
কলেজ, মাদ্রাসায় শূন্যপদে শিক্ষক-কর্মচারী
নিয়োগ করতে এখন থেকে আর মাধ্যমিক
ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাউশি)
ছাড়পত্র লাগবে না। শিক্ষা প্রতিষ্ঠান
কর্তৃপক্ষ প্রয়োজন মতো যথাযথ প্রক্রিয়ায়
শূন্যপদে শিক্ষক-কর্মচারী নিয়োগ করতে
(২- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

বেসরকারী স্কুল (প্রথম পাতার পর)

পারবে।
শিক্ষা মন্ত্রণালয় প্রজ্ঞাপন জারি করে এই আদেশ দিয়েছে।
সূত্রমতে, বেসরকারী স্কুল-কলেজ এবং মাদ্রাসায় শূন্যপদে
শিক্ষক-কর্মচারী নিয়োগের জন্য গত বছরের ডিসেম্বরে
মাউশির ছাড়পত্র লাগবে বলে প্রজ্ঞাপন জারি করে। এতে
দেখা যায় শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে জরুরী ভিত্তিতে শিক্ষক-
কর্মচারী নিয়োগ দেয়ার প্রয়োজন হলেও কেবল মাউশির
ছাড়পত্রের জন্যই শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে মাসের পর মাস
সৌড়াতে হয়। এতে প্রয়োজন থাকলেও শূন্যপদগুলোতেই
শিক্ষক-কর্মচারী নিয়োগ করতে মাসের পর মাস সময় লেগে
যায়। তাছাড়া ছাড়পত্র সংগ্রহ করতেও দূরদূরান্তের শিক্ষা
প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে নানা সমস্যায় পড়তে হয়। এতে করে
প্রয়োজনীয় শিক্ষকদের অভাবে পড়াশোনার ক্ষতি হচ্ছিল।
এসব সমস্যা দূর করতেই শিক্ষা মন্ত্রণালয় এক প্রজ্ঞাপনে
মাউশির ছাড়পত্র ছাড়াই যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে
শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ শিক্ষক-কর্মচারী নিয়োগ করতে
পারবে বলে সিদ্ধান্ত নেয়। সূত্রমতে, ১৯৯৫ সালের
অক্টোবর মাসের প্রণীত জনবল কাঠামো অনুসরণ করতে
কলা হয়েছে।